সিলেট উন্নয়ন কর্তৃপক্ষ (সিউক)
২৯/এ (ফরচুন গার্ডেন), বঙ্গবীর রোড, নাইওরপুল, সিলেট।
ই-মেইল: sylhetda2025@gmail.com, Web: www.sda.gov.bd

বিষয়: সিলেট উন্নয়ন কর্তৃপক্ষের আওতাধীন এলাকায় রিয়েল এস্টেট ডেভেলপার তালিকাভুক্তি।

সিলেট উন্নয়ন কর্তৃপক্ষ (সিউক) এর আওতাধীন এলাকায় সিলেট উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০২৩ এবং ইমারত নির্মাণ আইন, ১৯৫২ অনুযায়ী সিউক উল্লিখিত এলাকার ইমারতের নকশা অনুমোদন এবং অবৈধ ইমারত নির্মাণ এর বিষয়ে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার জন্য ক্ষমতাপ্রাপ্ত। রিয়েল এস্টেট প্রকল্প (ভূমি/ইমারত) গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে প্রযোজ্য সকল আইন/বিধি ও বিধান প্রতিপালন করে রিয়েল এস্টেট ডেভেলপার হিসাবে রিয়েল এস্টেট ব্যবস্থাপনা ও উন্নয়ন আইন, ২০১০ এ প্রণীত বিধি-বিধান, আদেশ প্রতিপালন করতে হবে। উল্লেখিত রিয়েল এস্টেট ব্যবস্থাপনা ও উন্নয়ন আইন, ২০১০ ও ইমারত নির্মাণ আইন ১৯৫২, ইমারত নির্মাণ বিধিমালা ১৯৯৬ এবং বিএনবিসি ২০২০ অনুযায়ী রিয়েল এস্টেট উন্নয়ন প্রকল্প অনুমোদন, সংশোধন, নবায়ন ও লেআউট প্ল্যান প্রণয়ন, বেসরকারি আবাসিক প্রকল্প অনুমোদন সংশ্লিষ্ট সকল কাজ সিলেট উন্নয়ন কর্তৃপক্ষের নিকট হতে অনুমোদন গ্রহণ করতে হবে।

১. নির্ধারিত ফরমে তালিকাভুক্তির জন্য নির্বাহী পরিচালক, সিলেট উন্নয়ন কর্তৃপক্ষ এর দপ্তরে আবেদন জমা দিতে হবে।

২. আবেদনের সঙ্গে চাহিত তথ্যাবলী (ফরমের বর্ণনা অনুযায়ী) সংযোজন করতে হবে।

৩. প্রতি ৫(পাঁচ) বছরের জন্য (প্রতি বছর ফি সাপেক্ষে নবায়নযোগ্য) তালিকাভুক্ত হতে রিয়েল এস্টেট ডেভেলপারকে নির্ধারিত ফি (তিন লক্ষ টাকা+১৫% ভ্যাট) সিলেট উন্নয়ন কর্তৃপক্ষের হিসাব নং- ৫৬১০১০২০০১৫৮০, রাউটিং নম্বর-২০০৯১১০৬৫, সোনালী ব্যাংক পিএলসি, দরগাহ গেট কর্পোরেট শাখা, ঠিকানা: আম্বরখানা, সিলেট সদর, সিলেট এ ব্যাংক জমা অথবা চেয়ারম্যান, সিলেট উন্নয়ন কর্তৃপক্ষ বরাবরে (পে-অর্ডার) জমা দিতে হবে এবং জমার রশিদের কপি সংযুক্ত করতে হবে। নির্ধারিত নন-জুডিশিয়াল স্ট্যাম্প-এ তালিকাভুক্তির শর্ত পালনের মুচলেকা প্রদান করতে হবে। তালিকাভুক্তি নিশ্চিত হলে তালিকাভুক্তি নং প্রদান করা হবে।

৪. উপযুক্ততা বিবেচনায় যোগ্যতা সম্পন্ন রিয়েল এস্টেট ডেভেলপার প্রতিষ্ঠানকে তালিকাভুক্ত করা হবে। তালিকাভুক্ত উপযুক্ত প্রতিষ্ঠানের নাম দাপ্তরিক নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।

৫. তালিকাভুক্ত রিয়েল এস্টেট ডেভেলপার প্রতিষ্ঠান ব্যতীত অন্য কারো প্রণীত নকশা অনুমোদনের জন্য বিবেচিত হবে না।

৬. যে কোন প্রকারের ভুল তথ্য প্রদান করলে/তালিকাভুক্তির শর্ত না মানলে কর্তৃপক্ষ তালিকাভুক্ত না করতে বা বাতিল করতে বা নিয়ম মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারে।

আবেদনকারীর স্বাক্ষর

মোঃ সাদিউর রহিম জাদিদ
নির্বাহী পরিচালক
সিলেট উন্নয়ন কর্তৃপক্ষ